দৈনিক [illegible]কিলাব

তারিখ ... ... MAR 31 2000 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

23

# চট্টগ্রাম ভার্সিটির অচলাবস্থা নিরসনে কর্তৃপক্ষ চরম ব্যর্থ

## –৫১ সিনিয়র শিক্ষক

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** প্রায় সাড়ে ৩ মাস যাবত অচল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সচল করার ব্যাপারে সাধারণ শিক্ষকবৃন্দ সর্বদলীয় ছাত্রঐক্যের দাবীর সাথে অভিন্ন মত ব্যক্ত করেছেন। সর্বদলীয় ছাত্রঐক্য বর্তমান ভিসিকে অপসারণ করে ভার্সিটি সচল করার দাবীতে লাগাতার হরতালসহ আন্দোলন করছে।

গতকাল অপর এক যুক্ত বিবৃতিতে ৫১ জন সিনিয়র শিক্ষক বলেছেন, গতবছর ১৯ ডিসেম্বর ২ জন ছাত্রের নির্মম হত্যাকাণ্ডের পর সৃষ্ট অচলাবস্থা নিরসনে কর্তৃপক্ষ চরমভাবে ব্যর্থ হয়েছে। অধিকন্তু ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক, সাংবাদিকসহ সংশ্লিষ্ট সকল মহলের সুপারিশকৃত আলোচনায় পথ পরিহার করে ভার্সিটি প্রশাসন নানান ছলচাতুরীর মাধ্যমে অচলাবস্থা জিইয়ে রেখেছেন। এ ধরনের হঠকারী পদক্ষেপ সংকটকে আরও জটিল করছে এবং ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। এভাবে বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের হাত থেকে রক্ষার লক্ষ্যে বর্তমান ব্যর্থ প্রশাসনকে অবিলম্বে অপসারণ করে সেখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষকবৃন্দ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রীর প্রতি জোর দাবী জানান। বিবৃতিদাতা শিক্ষকদের মধ্যে রয়েছেন– প্রফেসর ডঃ এম বদিউল আলম, ডঃ মোঃ নূরুল ইসলাম, প্রফেসর নূরুদ্দীন চৌধুরী, ডঃ ইউসুফ শরীফ আহমেদ খান, ডঃ শামসুদ্দিন, ডঃ মোঃ মাহবুব উল্লাহ, প্রফেসর আবদুল নূর, ডঃ আবুল কালাম আজাদ, ডঃ সৈয়দ মোঃ আতহার, ডঃ মোঃ লোকমান, প্রফেসর ওয়াহিদুর রহমান, ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরী, ডঃ মুনীর আহমেদ চৌধুরী, প্রফেসর হারুন-উর-রশীদ, ডঃ শাহরিয়ার তালকুদার, অধ্যাপক মোকতার আহমদ প্রমুখ।